

উপজেলা সমাজকল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটি এর সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোছা: আনোয়ারা বেগম

সভার স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যান পলাশবাড়ী, মহোদয়ের কক্ষ।

তারিখ ও সময়ঃ ০৫/১২/২০২৩খ্রি. দুপুর ১২.০০ ঘটিকা।

উপজেলা সমাজকল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, পলাশবাড়ী মহোদয়ের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দেখানো হলো। সভার শুরুতে সভাপতি মহোদয় সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ শফিউল ইসলাম মন্ডল, উপজেলা সমাজসেবা অফিসার আলোচ্য সূচি সমূহ পড়ে শোনান।

আলোচ্য বিষয়:

০২. উপজেলা সমাজকল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটির কার্যপরিধি সম্পর্কে আলোচনা।

আলোচনা:


সদস্য সচিব ও সমাজসেবা অফিসার সভায় বলেন যে, উপজেলা পরিষদের কার্যক্রমকে শক্তিশালী ও বেগবান করার জন্য স্থায়ী কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে এবং এজন্য নিয়মিত সভা করা প্রয়োজন। সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয় বলেন যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচির একটা অংশ রয়েছে সমাজকল্যাণ খাতে এবং এ খাত থেকে প্রাপ্ত বরাদ্দ থেকে সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠী যেমন প্রতিবন্ধীদের জন্য বিভিন্ন ধরনের কর্মসূচি গ্রহণ করার মাধ্যমে তাদের সমাজে অন্তর্ভুক্ত করা যেতে পারে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত:

২.১: বার্ষিক উন্নয়ন কর্মসূচি থেকে প্রকল্প নেওয়ার ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক দাখিলকৃত প্রকল্পসমূহ স্থায়ী কমিটিতে আলোচনা পরবর্তী অনুমোদন করার জন্য সম্মানিত চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

২.২: বার্ষিক উন্নয়ন কর্মসূচি এর সমাজকল্যাণ খাত থেকে প্রতিবন্ধীদের জন্য হইল চেয়ার ক্রয়ের নিমিত্ত প্রকল্প গ্রহণের জন্য সম্মানিত চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোছা: আনোয়ারা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা সমাজকল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটি
পলাশবাড়ী, গাইবান্ধা।

স্মারক নং ৪১.০১.০০.৩২৬৭.০০০.১৬.০০১.২৩-২৭৫ তারিখ ৫/১২/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।


২। উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা।

৩। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, পলাশবাড়ী, গাইবান্ধা।

৪। চেয়ারম্যান ইউ.পি, পলাশবাড়ী, গাইবান্ধা।

৫। জনাব সদস্য উপজেলা সমাজকল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটি, পলাশবাড়ী, গাইবান্ধা।

৬। অফিস নথি।


সদস্য সচিব

উপজেলা সমাজকল্যাণ সম্পর্কিত স্থায়ী কমিটি

ও

উপজেলা সমাজসেবা অফিসার
পলাশবাড়ী, গাইবান্ধা